

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা

নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০১০.২০০০-২১৭

তারিখ : ০২/০৪/২০১৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু জনাব রিয়ায় আহমেদ জাবের (পরিচিতি নম্বর-০০৫০১৯), নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক দণ্ডবিধির ১৬১/১২০(বি) ধারা তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় বনানী থানায় ১৭/১২/২০১২ তারিখে ১৯ নম্বর মামলা রুজু করা হয়েছে;

যেহেতু উক্ত মামলায় গত ১৩/০৩/২০১৩ তারিখ গ্রেফতার হয়ে তিনি বর্তমানে জেল হাজতে অন্তরীণ রয়েছেন;

সেহেতু বি.এস.আর. পার্ট-১ এর ৭৩ নম্বর বিধির নোট-২ অনুসারে জনাব রিয়ায় আহমেদ জাবের (০০৫০১৯) কে গ্রেফতার হওয়ার তারিখ ১৩/০৩/২০১৩ হতে সরকারি চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


স্বাক্ষরিত/-
(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০১০.২০০০-২১৭/১(১৪)

তারিখ : ০২/০৪/২০১৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, সেতু বিভাগ, সেতু ভবন, বনানী, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। উপ-সচিব, শৃংখলা/আইন অধিশাখা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৭। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, যোগাযোগ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জনাব রিয়ায় আহমেদ জাবের (পরিচিতি নম্বর-০০৫০১৯), নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, রমনা, ঢাকা।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ১১। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।


(শাহ আলম মুকুল)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৫২৫৭